কার্যালয়ের নাম: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সমাধিসৌধ কমপ্লেক্স সরকারি বিশেষ গণগ্রন্থাগার টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

তথ্য অধিকার বিষয়ে ২০২৩-২০২৪ অর্থবছরের [২.১.১] নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক প্রতিবেদন :

| | |
|---|---|
| দপ্তর পরিচিতি | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীনস্থ গণগ্রন্থাগার অধিদপ্তরের আওতাধীন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সমাধিসৌধ কমপ্লেক্স সরকারি বিশেষ গণগ্রন্থাগার টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ একটি সেবামূলক প্রতিষ্ঠান। সরকারি বিশেষ গণগ্রন্থাগারটি টুঙ্গিপাড়াস্থ জাতির পিতার সমাধিসৌধ কমপ্লেক্সের ০১ নং গেট সংলগ্ন উপজেলা বাইপাস সড়ক সংলগ্ন। বিশেষ গণগ্রন্থাগারটি গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন গণপূর্ত বিভাগ গোপালগঞ্জ হতে ২০১৭ সালে গণগ্রন্থাগার অধিদপ্তরের নিকট স্থানান্তরিত হলে ২০১৮ সাল হতে ইহার স্বাভাবিক কার্যক্রম পরিচালিত হতে থাকে। স্থানান্তরকালে অত্র গ্রন্থাগারে ০১ (এক) জন জনবল "গ্রন্থাগারিক" নিয়োজিত ছিল। বর্তমানে বিশেষ গণগ্রন্থাগারে রাজস্ব খাতে ০২(দুই) জন জনবল নিয়োজিত রয়েছে। গ্রন্থাগারের অভ্যন্তরীণ ডিজাইন অত্যাধুনিক ও শীততাপ নিয়ন্ত্রিত। |
| ২০২৩-২০২৪ অর্থবছরে বিভিন্ন প্রতিযোগিতা ওঅনুষ্ঠানাদি | √ ১৫ আগষ্ট 'জাতীয় শোক দিবস' ২০২৩ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান যথাসময়ে অনুষ্ঠিত হয়েছে।<br>√ ১৮ অক্টোবর 'শেখ রাসেল দিবস' ২০২৩ উপলক্ষে চিত্রাংকন ও উপস্থিত ছড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান যথাসময়ে অনুষ্ঠিত হয়েছে।<br>√ ১৬ ডিসেম্বর 'মহান বিজয় দিবস' ২০২৩ উপলক্ষে রচনা, চিত্রাংকন ও আবৃত্তি প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান যথাসময়ে অনুষ্ঠিত হয়েছে।<br>√ ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস' ২০২৪ যথাযোগ্য মর্যাদায় ও আনন্দঘন পরিবেশে পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে ০৫ দিনব্যাপী অনুষ্ঠানমালা – বইপাঠ, চিত্রাংকন, রচনা, উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা, মূল্যায়নসহ আলোচনা সভা সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। উল্লেখ্য যে, ০৫ ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার দিবস উপলক্ষে বিভিন্ন প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনিুষ্ঠান ছিল অত্যন্ত আরম্বর ও উপজেলাধীন প্রশাসনিক কর্মকর্তা, বিশিষ্টজন ও বিভিন্ন পেশাজীবীদের মিলনমেলা।<br>√ ২১ ফেব্রুয়ারি 'শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' ২০২৪ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান যথাসময়ে অনুষ্ঠিত হয়েছে।<br>√ ১৭ মার্চ 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস' ও ২৬ মার্চ 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস' ২০২৪ উপলক্ষে চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান যথাসময়ে অনুষ্ঠিত হয়েছে।<br>√ বাংলা নববর্ষ ১৪৩১ উপলক্ষে মাটির পুতুল, ঘর, নৌকা ইত্যাদি তৈরী, আল্পনা আঁকা এবং ঘুড়ি তৈরী প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান যথাসময়ে অনুষ্ঠিত হয়েছে। |
| ২০২৩-২০২৪ অর্থবছরে প্রতিযোগিতা প্রতিযেগীর সংখ্যা | √ চিত্রাংকন : ২৪০ জন, √ রচনা : ১৫৮ জন, মাটির পুতুল : ০৩ জন, আল্পনা আঁকা : ০৩ জন, মাটির নৌকা তৈরী : ০৪ জন, মাটির ঘর : ০৩ জন ও ঘুড়ি তৈরীতে ০৬ জন প্রতিযোগী অংশগ্রহণ করে। |
| ২০২৩-২০২৪ অর্থবছরে প্রতিযোগিতা বিজয়ী প্রতিযোগীর সংখ্যা | √ চিত্রাংকন : ৪৭ জন, √ রচনা : ৩৩ জন, মাটির পুতুল : ০৩ জন, আল্পনা আঁকা : ০৩ জন, মাটির নৌকা তৈরী : ০৩ জন, মাটির ঘর : ০৩ জন ও ঘুড়ি তৈরীতে ০৩ জন প্রতযোগী অংশগ্রহণ করে। |
| ২০২৩-২০২৪ অর্থবছরে পাঠক/ সেবা গ্রহীতার সংখ্যা | পুরুষ : ৯১৫০ জন, নারী : ৪২১০ জন, শিশু : ২৪৩০ জন।<br>যা ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষমাত্রা থেকে ৩৭৯০ জন বেশি। |

| | |
|---|---|
| জেলার বেসরকারি গ্রন্থাগারের ডাটাবেস তৈরী | গোপালগঞ্জ জেলার তালিকাভুক্ত বেসরকারি গ্রন্থাগারের অনুসন্ধান ও ডাটাবেস তৈরী করা হয়েছে। |
| ২০২৩-২০২৪ অর্থবছরে এপিএ চুক্তি অনুযায়ী অর্জন | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সমাধিসৌধ কমপ্লেক্স সরকারি বিশেষ গণগ্রন্থাগার টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ ২০২৩-২০২৪ অর্থবছরে এপিএ চুক্তি অনুযায়ী এপিএ টিম গঠন, সভা আয়োজন, প্রতিবেদন তৈরীসহ যাবতীয় কার্যক্রম বাস্তবায়ন করত শতভাগ লক্ষমাত্রা অর্জনের প্রত্যাশা রয়েছে। |
| আইসিটি তথ্য সংক্রান্ত | সরকারি বিশেষ গণগ্রন্থাগার টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ দপ্তরে ডিজিটাল সেবা প্রদানের লক্ষ্যে Leased Line Internet (LLI) বছরজুড়ে নিরবিচ্ছিন্ন রাখা ও কম্পিউটার মেরামত করে সেবা গ্রহীতাদের যেকোন আইসিটি সেবা প্রদান করা হয়েছে। |
| ডি-নথিতে নোট নিষ্পত্তি সংক্রান্ত | ডি-নথিতে নোট নিষ্পত্তির লক্ষ্যে কর্তৃপক্ষ কর্তৃক আইডি সরবরাহ করা হয়নি। বিষয়ের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসারের সুপারিশে উপযুক্ত কর্তৃপক্ষকে পত্র প্রেরণ করা হলেও বিষয়টি অনিষ্পত্তি রয়েছে। |
| ফটোকপি সেবা প্রদান সংক্রান্ত | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সমাধিসৌধ কমপ্লেক্স সরকারি বিশেষ গণগ্রন্থাগার টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ হতে সেবা গ্রহীতাদের প্রত্যাশা পূরনে বিনামূল্যে ফটোকপি সেবা প্রদান করা হয়েছে। |
| তথ্য অধিকার সংক্রান্ত তথ্য | নীতিমালা অনুযায়ী গ্রন্থাগারে পত্রিকা সরবরাহ অব্যহত রেখে ও পাঠকের চাহিদা মোতাবেক সংরক্ষিত পত্রিকা সরবরাহ করা হয়েছে এবং স্বপ্রণোদিত ও প্রকাশযোগ্য তথ্য ওয়েব পোর্টালে প্রকাশ করা হয়েছে। |
| অভিযোগ প্রতিকার সংক্রান্ত তথ্য | প্রচলিত পদ্ধতিতে একটি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। |
| সিটিজেন চার্টার সংক্রান্ত তথ্য | নীতিমালা অনুযায়ী বইধারের জন্য পাঠকের পরিচয়পত্র ও সদস্য হওয়ার সাপেক্ষে বইধার সেবা প্রদান করা হয়েছে এবং ত্রৈমাসিক ভিত্তিতে সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে। |
| জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত তথ্য | দপ্তরে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে শুদ্ধাচার টিম গঠন, সভা আয়োজন ও প্রতিবেদন তৈরীসহ যাবতীয় কার্যক্রম বাস্তবায়ন করত শতভাগ লক্ষমাত্রা অর্জন করা হয়েছে। |
| উল্লেখযোগ্য আলোকচিত্র | জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩, সফল আয়োজনের বিভিন্ন ইভেন্টের আলোকচিত্র, আলোচনা সভা ও অন্যান্য জাতীয় দিবস উপলক্ষে প্রতিযোগিতা ও পুরস্কার প্রদান অনুষ্ঠানের ছবি। |
| প্রয়োজনে | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সমাধিসৌধ কমপ্লেক্স সরকারি বিশেষ গণগ্রন্থাগার টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।ফোন: ০২-২২৪৪৫৬২৬০, মোবাইল: ০১৮১৪-৮৬৭৩৯৮, ই-মেইল: librarianbbmc@gmail.com,<br>Website: bmcpubliclibrary.tingipara.gopalganj.gov.bd |

১৫-১০-২০২৪

যোগেন্দ্র নাথ বাড়ৈ

গ্রন্থাগারিক

বঙ্গবন্ধু সমাধিসৌধ কমপ্লেক্স

সরকারি বিশেষ গণগ্রন্থাগার

টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ